

দৈনিক ইত্তেফাক

৭/১/২০০৬

তারিখ

পৃষ্ঠা ৮

অবরোধ কর্মসূচীর মুখে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বোর্ড অব গভর্নর্সের সভা পণ্ডঃ ভিসির পলায়

মোঃ আব্দুস সামাদ II বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের অবরোধ কর্মসূচীর মুখে গতকাল (শনিবার) বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নর্স-এর সভা পণ্ড হয়ে গেছে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিগত সভায় কার্যাবলীসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্তসমূহ অনুমোদনের উদ্দেশ্যে বোর্ড অব গভর্নর্স-এর সভা আহ্বান করার সিদ্ধান্ত নেয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণ এই সভা বাতিলের দাবী জানিয়ে

পৃথক পৃথক স্মারকলিপি পেশ করে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুহাঃ কায়েস উদ্দিন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের অনুরোধ উপেক্ষা করে বিগত ৫ বছরের সকল দুর্নীতি, অনিয়ম স্বজনপ্রীতি, দলীয়করণসহ বিভিন্ন অপবৈধ করার উদ্দেশ্যে তড়িঘড়ি করে গত শনিবার বাউবি'র ঢাকা আঞ্চলিক বে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নর্স-এর আহ্বান করেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পেশাজীবী পরিষদ পূর্বঘোষিত সিদ্ধান্ত ৭-এর পৃঃ ৪-এর কৃঃ দেখুন

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

মাতাবেক বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রে অবরোধ সৃষ্টি করে। ফলে, ভিসি কায়েস উদ্দিন কর্তৃক আহূত বোর্ড অব গভর্নর্স-এর সভাটি পণ্ড হয়ে যায় এবং বিগত ৫ বছরের কল প্রকার দুর্নীতি, অনিয়ম বৈধ করার গসির চেষ্টা ব্যর্থ হয়ে যায়। শুধু তাই নয়, ভিসি কায়েস উদ্দিন এক পর্যায়ে ঐ সভাস্থল থেকে পালিয়ে যান বলে একটি সূত্র জানায়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পেশাজীবী পরিষদের সভাপতি জনাব শেখুর রহমানের সভাপতিত্বে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে ভবন প্রাঙ্গণে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী শিক্ষক

শারাম আহ্বায়ক অধ্যাপক মোঃ নসারুজ্জামান, উপ-পরিচালক (হিসাব) মোঃ সাজ্জাদ হোসেন, কর্মচারী সমিতির সভাপতি মোঃ করামুল হক ভূঞা, সাধারণ সম্পাদক মোঃ শাহরাফুল হক বিপুল, জিয়া পরিষদের আহ্বায়ক মোঃ আনিছুর রহমান, যুগ্ম আহ্বায়ক মোঃ করামুল হক ভূঞা প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রধানমন্ত্রী বেগম হালেদা জিয়া প্রতিষ্ঠা করেছেন। দেশের সংবিধান মাতাবেক প্রধানমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। গার অনুমতি এবং পরামর্শে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সভা ও সিদ্ধান্ত গৃহীত এবং অনুমোদন লাভ করার কথা। আওয়ামী বুদ্ধিজীবী দলীয়করণ ভিসি কায়েস উদ্দিন বিগত ৫ বছরের বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার দুর্নীতি স্বজনপ্রীতি এবং দলীয়করণ বৈধ করার উদ্দেশ্যে তড়িঘড়ি করে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নর্স সভা আহ্বান এবং সেই মতে সভা অনুষ্ঠানে সর্বশক্তি নিয়োগ করেন। নেতৃবৃন্দ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত ৫ বছরের সকল দুর্নীতির স্বেতপত্র প্রকাশের জন্য বর্তমান গণতান্ত্রিক সরকারের কাছে দাবী জানিয়েছেন। নেতৃবৃন্দ দুর্নীতিবাজ ভিসি কায়েস উদ্দিনের দুর্নীতির তদন্তপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করেছেন। তারা বলেন, বিগত ৫ বছরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়টিকে দলীয়করণ এবং দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন আওয়ামী বুদ্ধিজীবী ভিসিগণ। নিয়মবহির্ভূতভাবে যেসব ব্যক্তিকে বিগত ৫ বছরে বিভিন্ন পদে নিয়োগ এবং পদোন্নতি দেয়া হয়েছে তার সব বাতিলের দাবী জানিয়েছেন নেতৃবৃন্দ। অপর একটি সূত্র জানিয়েছে, গতকালের বোর্ড অব গভর্নর্স-এর সভায় ভিসি কায়েস উদ্দিন, প্রো-ভিসি তরিকুল ইসলাম শরীফ, ট্রেজারার সামসুজ্জামান চৌধুরী, রেজিস্টার মোঃ মঞ্জুর-ই-খোদা, ডীন অধ্যাপক মোস্তাফিজুর রহমান, অধ্যাপক মালয় কুমার ভৌমিক, অধ্যাপক রাশেদ আল মাহমুদ তিতুমীর উপস্থিত হন। নেতৃবৃন্দ দুর্নীতিবাজ ভিসি কায়েস উদ্দিনসহ তার সহযোগীদের পদত্যাগ দাবী